



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/ ১০৬৪৭

তারিখ : ০৭/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

১৩১১২

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৩.৬৯১৫.০০৮.০০.০১৬.১৬-৫২৪; তারিখঃ ০৪/০৬/২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/১০০৮৯; তারিখ : ২৭/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন মাড়িয়া মাহমুদিয়া ইসলামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়ার জন্য ছাত্র-ছাত্রীর অভিভাবক ও এলাকার হিতৈষী জনসাধারণের পক্ষে মোঃ বছির উদ্দিন প্রাং একথানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে বিধি মোতাবেক ১৮০ দিন পূর্বে টাকা জমা না দিয়ে দাতা সদস্য হয়ে জোড় পূর্বক সভাপতি হওয়া, ছেলে মেয়ে অধ্যয়নরত না থাকা সত্ত্বেও এমন ব্যক্তিকে অভিভাবক সদস্য বানানো, জাল স্বাক্ষর করে নমিনেশন ফরম পূরণ এবং গোপনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ম্যানেজিং কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

২) উপরিলিখিত অভিযোগসমূহের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রস্থ ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদরাসার সুপার স্থানীয় প্রভাবশালীদের চাপে যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে ম্যানেজিং কমিটি গঠন করেছেন এবং অভিযোগকারী মোঃ বছির উদ্দিন প্রাং এর অনীত অভিযোগ সত্য।

বর্ণিত অবস্থায় মাদরাসা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০৮৫০/নথি নং-৫৯; তারিখঃ ২২/১২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য মাদরাসার সুপার এবং ম্যানেজিং কমিটিকে সভাপতি ও সদস্যগণকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

০৬.০৮.১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (কটিন দায়িত্বপ্রাপ্ত)

ও  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, মাড়িয়া মাহমুদিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, বড়াইগ্রাম, নাটোর।  
২) সুপার, মাড়িয়া মাহমুদিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, বড়াইগ্রাম, নাটোর।

নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/

তারিখ : ০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয়-কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
২. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৪. জনাব মোঃ বছির উদ্দিন প্রাং, বড়াইগ্রাম, নাটোর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪